গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃংখলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৪.২০১৮-৩৬২ তারিখঃ ১৫.০৫.২০১৮ খ্রিঃ

## আদেশ

যেহেতু, ডাঃ গনপতি বিশ্বাস (৪৫৭৬৩), সহযোগী অধ্যাপক, ডেন্টিষ্ট্রি, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা সংযুক্তঃ রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী (প্রাক্তন ফরিদপুর মেডিকেল কলেজ, ফরিদপুর) এর বিরুদ্ধে অভিযোগ আনা হয় যে, তিনি ২০তম বিসিএস এর একজন কর্মকর্তা হওয়া সত্ত্বেও ১৫শ বিসিএস এর কর্মকর্তা হিসেবে পদোন্নতির আবেদন করেন এবং স্বাস্থ্য অধিদপ্তরের সুপারিশের আলোকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পার-১ শাখার ০৫.০৮.২০১৫ তারিখের ৪৫.১৪২.০১২.০০.০০.০০৩.২০১৫-৩৭৮ নম্বর প্রজ্ঞাপনে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতি লাভ করায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে ৩১.০১.২০১৬ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৯.২০১৫-৭৭ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, তার জবাব পরীক্ষান্তে বিধান অনুযায়ী তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, পদোন্নতি সংক্রান্ত আবেদনে ডাঃ গনপতি বিশ্বাস (৪৫৭৬৩) নিজেকে ১৫শ বিসিএস এর কর্মকর্তা হিসেবে উল্লেখ করেননি এবং বর্ণিত ঘটনায় ডাঃ গনপতি বিশ্বাস (৪৫৭৬৩) এর কোন ভূমিকা নেই। পদোন্নতি স্বাস্থ্য অধিদপ্তরের সুপারিশের ভিত্তিতেই প্রদান করা হয়েছে;

সেহেতু, সার্বিক প্রেক্ষাপট বিবেচনা করে ডাঃ গনপতি বিশ্বাস (৪৫৭৬৩), সহযোগী অধ্যাপক, ডেন্টিষ্ট্রি, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা সংযুক্তঃ রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী (প্রাক্তন ফরিদপুর মেডিকেল কলেজ, ফরিদপুর)-কে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

(মোঃ সিরাজুল হক খান)
সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৪.২০১৮-৩৬২/১(১০) তারিখঃ ১৫.০৫.২০১৮ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। যুগ্মসচিব (পার-১/পার-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। অধ্যক্ষ, রাজশাহী/ফরিদপুর মেডিকেল কলেজ, রাজশাহী/ফরিদপুর।
৪। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৮। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০। ডাঃ গনপতি বিশ্বাস (৪৫৭৬৩), সহযোগী অধ্যাপক, ডেন্টিষ্ট্রি, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা সংযুক্তঃ রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী (প্রাক্তন ফরিদপুর মেডিকেল কলেজ, ফরিদপুর ।

১৫/০৫/২০১৮
(শামীমা নাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৬.২০১৭-৩৬৪

তারিখঃ ০৩.০২.১৪২৫ বঙ্গাব্দ
১৮.০৫.২০১৮ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

যেহেতু, ডাঃ মোঃ ইকবাল হোসেন (রোল-৫৪০৪), সহকারী সার্জন, আমোর ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, আটোয়ারী, পঞ্চগড় গত ১২/০৪/২০১১ খ্রিঃ হতে ১৮/০৪/২০১১ খ্রিঃ পর্যন্ত নৈমিত্তিক ছুটি গ্রহণ করে কর্মস্থল ত্যাগ করেন এবং অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, গত ১৯.০৪.২০১১ খ্রিঃ হতে তাঁর সরকারি চাকুরিতে অনুপস্থিতিকাল (অনুমোদিত এবং অনুমোদনবিহীন ছুটিসহ) ধারাবাহিকভাবে ০৫ (পাঁচ) বছর অতিক্রান্ত হয়েছে;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে। ডাঃ মোঃ ইকবাল হোসেন (রোল-৫৪০৪), সহকারী সার্জন, আমোর ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, আটোয়ারী, পঞ্চগড়ের কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ১৯.০৪.২০১৬ খ্রিঃ হতে তাঁর চাকরির অবসান কার্যকর হবে। গত ১৯.০৪.২০১১ খ্রিঃ হতে তিনি কোন আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না। উক্ত তারিখ হতে কোন বেতন ভাতাদি উত্তোলন করা হলে তা সরকারি দাবী আদায় আইন ১৯১৩ অনুযায়ী আদায়যোগ্য হবে।

জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারি করা হল।

(মোঃ সিরাজুল হক খান)
সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৬.২০১৭-৩৬৪/১(১০)

তারিখঃ ১৮.০৫.২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (ডাটা বেইসে সংরক্ষণ করার জন্য)।
৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা।
৪। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (আদেশটি অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য)।
৫। সিভিল সার্জন, পঞ্চগড়।
৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আটোয়ারী, পঞ্চগড়।
৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, আটোয়ারী, পঞ্চগড়।
৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট কর্মকর্তার পিডিএস-এ উল্লিখিত ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।
৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০। ডাঃ মোঃ ইকবাল হোসেন (রোল-৫৪০৪), সহকারী সার্জন, আমোর ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, আটোয়ারী, পঞ্চগড় (স্থায়ী ঠিকানাঃ পিতা- মোঃ আনোয়ার হোসেন, মাতা-খাতিজা বেগম, ৩২ নং নবীন চন্দ্র গোস্বামী রোড, ফরিদাবাদ, থানা- শ্যামপুর, ঢাকা-১২০৪)।

(শামীমা নাসরীন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮